গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০৪১.১৬.০০৩.১৯.৯১

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: ''বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০'' সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ও অনুমোদন প্রক্রিয়াকরণ।**

সূত্র: পরিকল্পনা বিভাগের স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.১৪.০৬১.২০২০ (অংশ-২).১৮৪ তারিখ: ০৭ নভেম্বর ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পরিকল্পনা বিভাগের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্রের ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: পরিকল্পনা বিভাগের পত্রের ছায়ালিপি।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিকল্পনা বিভাগের পত্রের ছায়ালিপি

২০-১১-২০২৪
আশেকুল হক
সিনিয়র সহকারী সচিব
২২৩৩৫৭২৩৪
plan3.mowr@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২। মহাপরিচালক , মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
৪। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট।
৫। উপসচিব, পরিকল্পনা-৫ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৬। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৭। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৯। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৬ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০৪১.১৬.০০৩.১৯.৯১/১(২)

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

২০-১১-২০২৪
আশেকুল হক
সিনিয়র সহকারী সচিব

যুগ্মসচিব (পরিকল্পনা উইং)

পানি সম্পদ মন্ত্রণালয়
সচিবের দপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
www.plandiv.gov.bd

স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.১৪.০৬১.২০২০(অংশ-২).১৮৪

তারিখ: ২২ কার্তিক, ১৪৩১
০৭ নভেম্বর, ২০২৪

**পরিপত্র**

**বিষয়: 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০' সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ও অনুমোদন প্রক্রিয়াকরণ**

সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন সম্পর্কিত নির্দেশনা সংবলিত একটি পরিপত্র পরিকল্পনা বিভাগ কর্তৃক ১২ জুন ২০২২ তারিখে স্মারক নম্বর ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২০২০(অংশ-১)/১৩৩-এর মাধ্যমে জারি করা হয়। 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০' সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ও অনুমোদন প্রক্রিয়াকরণের ক্ষেত্রে উক্ত পরিপত্র ও নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে:

(১) 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০' সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচির প্রস্তাব প্রণয়ন, যাচাই-বাছাই ও এপ্রেইজালসহ অনুমোদন প্রক্রিয়াকরণে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক প্রণীত 'Delta Appraisal Framework (DAF)' যথাযথভাবে অনুসরণ করতে হবে। পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) DAF আপলোড করা আছে;

(২) অভিযোজিত ব-দ্বীপ ব্যবস্থাপনা (Adaptive Delta Management) নীতি এবং জলবায়ু পরিবর্তনের অভিঘাত বিবেচনায় প্রকল্প নমনীয় (Flexible) ও দৃঢ় (Robust) হতে হবে;

(৩) জলবায়ু পরিবর্তন এবং এর সংশ্লিষ্ট অন্যান্য বাহ্যিক অনুষঙ্গ (যেমন: Upstream intervention) যা বিদ্যমান ভৌত অবস্থার (Physical system) পরিবর্তন ঘটায়, সে সকল বিষয়ে ব্যাখ্যা থাকতে হবে;

(৪) 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০'-এর আওতায় কার্যকর বিনিয়োগ পোর্টফোলিও গঠনের জন্য DAF, প্রকল্প ধারণাপত্র (DAF-এর Annex B: Project Concept Note) এবং এ বিষয়ে সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা অনুসরণ করতে হবে;

(৫) ব-দ্বীপ পরিকল্পনা বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পের প্রকল্প প্রস্তাব অর্থায়নের উৎস নির্বিশেষে (অভ্যন্তরীণ এবং বৈদেশিক) DAF-এর নির্ধারিত ছকে (Annex E) ইংরেজিতে প্রণয়ন করতে হবে। পরবর্তীতে প্রকল্প সংশোধনের প্রয়োজন হলে সংশোধন প্রস্তাব DAF-এর নির্ধারিত ছকে (Annex F) ইংরেজিতে প্রণয়ন করতে হবে;

(৬) 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০' সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচির ক্ষেত্রে সাধারণ অর্থনীতি বিভাগের মতামত/সুপারিশ গ্রহণ করতে হবে। এক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে:

(ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ থেকে ডিপিপি পাওয়ার পর সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ১২ জুন ২০২২ তারিখে জারিকৃত স্মারক নম্বর ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২০২০(অংশ-১)/১৩৩ ও নভেম্বর ২০২২-এ পুনর্মুদ্রিত পরিপত্রের **সংযোজনী-ঔ** (DAF এর Annex-A)-তে বর্ণিত 'প্রকল্প/প্রোগ্রাম বাছাই কমিটির (পিপিএসসি)' সভা আহ্বান করতে হবে;

(অ:পৃ:দ্র:)

(খ) পিপিএসসি সভা অনুষ্ঠানের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সাধারণ অর্থনীতি বিভাগের মতামত উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করতে হবে;

(গ) প্রকল্প প্রস্তাব Multi-Criteria Analysis (Annex C)-এর ভিত্তিতে যাচাই-বাছাই সম্পন্ন করতে হবে;

(ঘ) সাধারণ অর্থনীতি বিভাগের মতামতের আলোকে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডিপিপি পরিমার্জনপূর্বক অনুমোদনের পরবর্তী প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর-বিভাগে প্রেরণ করবে;

(ঙ) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ২০ (বিশ) কপি ডিপিপি মতামত/সুপারিশের জন্য সাধারণ অর্থনীতি বিভাগে প্রেরণ করবে;

(চ) প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষার জন্য DAF-এ বর্ণিত ছক (Annex D) অনুসরণ করতে হবে।

ইকবাল আবদুল্লাহ হারুন
সচিব
পরিকল্পনা বিভাগ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব, ---পানি সম্পদ মন্ত্রণালয়---, ঢাকা।
৪. সদস্য, ------------------------------------------ বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.১৪.০৬১.২০২০(অংশ-২).১৮৪

তারিখ: ২২ কার্তিক, ১৪৩১ / ০৭ নভেম্বর, ২০২৪

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।

০৭/১১/২০২৪
মোসা. জেসমীন আরা
উপপ্রধান (একনেক)
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ